

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬- ৪২

তারিখ- ২৪.০১.২০১৮ খ্রিঃ

বিষয়ঃ ১৯৮৫ সালের সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিস

যেহেতু, আপনি ডাঃ মোহাম্মদ মোস্তাফা কামাল (১২০৪৪৩), সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি), জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা গত ২০.০৩.২০১৬ খ্রিঃ হতে অদ্যাবধি বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)” এর দায়ে বিভাগীয় মামলা রুজু করে এ মন্ত্রণালয়ের ২৪.১১.২০১৬ খ্রিঃ তারিখের ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬-৮৫০ নং স্মারকমূলে ১ম কারণ-দর্শানোর নোটিস জারি করা হয়;

যেহেতু, আপনি উক্ত কারণ-দর্শানো নোটিসের জবাব প্রদান না করায় আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;


যেহেতু, তদন্তকারী কর্মকর্তা বিষয়টি তদন্তপূর্বক প্রতিবেদন দাখিল করেন এবং আনীত অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করেন;

যেহেতু, তদন্ত প্রতিবেদন, বিভাগীয় মামলার সংশ্লিষ্ট নথি, অন্যান্য কাগজপত্র পর্যালোচনায় আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) অনুযায়ী যথাক্রমে “অসদাচরণ (Misconduct)” ও “বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি (Desertion)”-এর অভিযোগ প্রমাণিত হওয়ায় আপনাকে একই বিধিমালার ৪(৩)(সি) বিধি অনুযায়ী “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” গুরুদন্ত আরোপের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়েছে;

এক্ষেণে, সেহেতু, কেন আপনাকে উক্ত বিধিমালার ৪(৩)(ডি) মোতাবেক সরকারি “চাকুরি হতে অপসারণ (Removal from Service)” করা হবে না, তার কারণ এ বিধিমালার ৭(৬) বিধি মোতাবেক নোটিস প্রাপ্তির ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীকে জানাতে নির্দেশ প্রদান করা হল।

তদন্ত প্রতিবেদনের অনুলিপি আপনার অবগতির জন্য এ সাথে প্রেরণ করা হল।

সংযুক্তিঃ ০৩ পাতা।


(মোঃ সিরাজুল হক খান)
সচিব

ডাঃ মোহাম্মদ মোস্তাফা কামাল (১২০৪৪৩)

সহকারী রেজিষ্ট্রার (এ্যানেসথেসিওলজি)

জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা।

(স্থায়ী ঠিকানাঃ পিতা-মোঃ সোরাব মিয়া, পশ্চিম আশুগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া)।

নং- ৪৫.১৫০.০২৭.০১.০০.১৩০.২০১৬- ৪২/৩(৬)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।


২। পরিচালক, জাতীয় হৃদরোগ ইনস্টিটিউট ও হাসপাতাল, শেরে বাংলানগর, ঢাকা

৩। উপসচিব (পার-৩), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

৪। পরিচালক, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।

৫। উপপরিচালক (শুংখলা), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা (নোটিসটি অভ্যুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।

৬। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (নোটিসটি মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।


(মোঃ রেজাউল আলম)
উপসচিব

ফোনঃ ৯৫৪৫০২৮

sasdisc1@mohfw.gov.bd